



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর  
Dinajpur Govt. College, Dinajpur  
www.dgc.edu.bd  
স্থাপিত-১৯৪২ খ্রিস্টাব্দ

E-Mail: principal@dgc.edu.bd

বিজ্ঞপ্তি নম্বর: ২৬৯

তারিখ: ১৬ পৌষ ১৪৩১  
৩১ ডিসেম্বর ২০২৪

বিষয়: ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের বিষয় ও গ্রুপ পরিবর্তন এবং ভর্তি বাতিল বিজ্ঞপ্তি

সূত্র: স্মারক নং-মাউশিবোদি/কলেজ/নিবন্ধন/২০২৪/৬৭২ (৬)

তারিখ: ২৬/১২/২০২৪

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, যারা বিষয় ও গ্রুপ পরিবর্তন এবং ভর্তি বাতিল করতে ইচ্ছুক তাদের ১৩/০১/২০২৫ তারিখের মধ্যে অধ্যক্ষ বরাবর স্বহস্তে লিখিত আবেদন (মোবাইল নম্বরসহ) ও ব্যাংকে টাকা জমাদানের রসিদ উচ্চ মাধ্যমিক শাখায় জমা দেয়ার জন্য বলা হলো।

বিষয় ও গ্রুপ পরিবর্তন এবং ভর্তি বাতিল করার ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ভর্তি বিজ্ঞপ্তির প্রাথমিক শর্তাবলি অনুসরণ করা হবে এবং আসন শূন্য থাকা সাপেক্ষে আবেদনকারীদের মধ্যে থেকে মেধাক্রম অনুযায়ী বিভাগ পরিবর্তনের সুযোগ প্রদান করা হবে।

উল্লেখ্য যে, বিষয় ও বিভাগ পরিবর্তনের জন্য শিক্ষার্থীদের আগামী ১৩/০১/২০২৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন বিষয় ও বিভাগ পরিবর্তনের ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও ভর্তি বাতিলের জন্য ৭০০/- (সাতশত) টাকা কলেজের (মূল ক্যাম্পাস) ক্যাশ শাখা থেকে রসিদ সংগ্রহ করে সাউথইস্ট ব্যাংক লিমিটেড-এ জমা দিয়ে জমা রসিদের বিভাগীয় অংশ উচ্চ মাধ্যমিক শাখায় জমা দিতে হবে। অন্যথায় বিষয় ও বিভাগ পরিবর্তন এবং ভর্তি বাতিলের মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

**শর্তাবলি:**

১. বিজ্ঞান (এসএসসি) বিভাগের শিক্ষার্থী মানবিক অথবা ব্যবসায় শিক্ষা বিভাগে (এইচএসসি) যেতে পারবে।
২. মানবিক (এসএসসি) বিভাগের শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা বিভাগে (এইচএসসি) যেতে পারবে।
৩. ব্যবসায় শিক্ষা (এসএসসি) বিভাগের শিক্ষার্থী মানবিক বিভাগে (এইচএসসি) যেতে পারবে।

**স্বহস্তে আবেদনের সাথে নিম্নলিখিত কাগজপত্রসমূহ সংযুক্ত করতে হবে:**

১. সাউথইস্ট ব্যাংকে টাকা জমাদানের রসিদ।
২. প্রথম ভর্তির ডাউনলোড কপি।
৩. প্রথম ভর্তি রসিদের ফটোকপি।

প্রয়োজনে: জনাব মনোরঞ্জন রায়, সহকারী অধ্যাপক, গণিত (মোবাইল নম্বর: ০১৭১৮২৭২১৬৫),  
জনাব মোছা. আরজিনা পারভীন, সহকারী অধ্যাপক, ইংরেজি (মোবাইল নম্বর: ০১৭৫৮২২৫৫৭২),  
জনাব মো. নুরনবী, প্রভাষক, উদ্ভিদবিদ্যা (মোবাইল নম্বর: ০১৭৬৫২৩৮৫৪৮)

প্রতিষ্ঠান

(প্রফেসর এ. কে. এম. আল আব্দুল্লাহ)

অধ্যক্ষ

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

(মো. আব্দুল্লাহ আল কুয়াদ)

আহ্বায়ক

একাদশ শ্রেণি ভর্তি কমিটি ২০২৪-২০২৫

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

তারিখ:

স্মারক নম্বর:

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। উপাধ্যক্ষ, দিনাজপুর সরকারি কলেজ
- ২। তত্ত্বাবধায়ক, উচ্চ মাধ্যমিক শাখা, দিনাজপুর সরকারি কলেজ
- ৩। অফিস নথি